

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.৯৪

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩০

১৮ ফেব্রুয়ারি ২০২৪


বিষয়: বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত (রিট পিটিশন নং-১৫৩৮৬/২০২৩ এবং ১৬০৩০/২০২৩) মামলা পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ বিদ্যালয়ের এডহক কমিটি/ম্যানেজিং কমিটি অনুমোদন সংক্রান্ত আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র: নং	রিট পিটিশনের		বাদীর নাম ও ঠিকানা	বিবাদীগণ	মামলা পরিচালনা কর্তৃপক্ষ
	নম্বর	বিষয়			
১	১৫৩৮৬/২০২৩	শেরপুর জেলার সদর উপজেলাধীন 'হরিন্দ্রনাথ উচ্চ বিদ্যালয়' এর এডহক কমিটি অনুমোদন সংক্রান্ত।	জনাব মোহাম্মদ হযরত আলী, শিক্ষার্থীর অভিভাবক, হরিন্দ্রনাথ উচ্চ বিদ্যালয়, সদর, শেরপুর।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহসহ মোট ১২ (বারো) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
২	১৬০৩০/২০২৩	ময়মনসিংহ জুট মিলস আদর্শ বিদ্যাপীঠ, সদর, ময়মনসিংহ-এর ম্যানেজিং কমিটি অনুমোদন সংক্রান্ত।	জনাব মো: আব্দুর রাজ্জাক, ভোটার (দাতা ক্যাটাগরি), ময়মনসিংহ জুট মিলস আদর্শ বিদ্যাপীঠ, সদর, ময়মনসিংহ।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহসহ মোট ০৯ (নয়) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১৫৩৮৬/২০২৩ এবং ১৬০৩০/২০২৩ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাসমূহ ডাটাবেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১৮-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.৯৪/১(৩)

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩০

১৮ ফেব্রুয়ারি ২০২৪

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৮-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব